# জেলা পরিষদ
# পঞ্চগড়

## খেয়াঘাট ইজারার পুনঃদরপত্র (২য় বার) বিজ্ঞপ্তি ১৪৩০ বাংলা

স্মারক নং- ৪৬.৪৭.৭৭০০.০০২.০২.০০১.১৭/খেয়াঘাট/২৫১ তারিখঃ ৩ মে ২০২৩খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলা পরিষদের মালিকানাধীন ৪টি (চার) খেয়াঘাট বাংলা ১৪৩০ সনের ১ আষাঢ় হতে ৩০ চৈত্র পর্যন্ত (১০ মাস) সময়ের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে পেশাদার পাটনীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দিষ্ট ফরমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহব্বান করা যাচ্ছে।

১. দরপত্র প্রাপ্তির স্থান ঃ (ক) পঞ্চগড় জেলা পরিষদ কার্যালয়, পঞ্চগড় (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পঞ্চগড় সদর (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোদা (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় হতে অফেরত যোগ্য নির্ধারিত মূল্যে সিডিউল ক্রয় করা যাবে।

২. দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

৩. দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০% হারে জামানতসহ ইজারা মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর পৃথক পৃথক ভাবে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে বিডি/সিডি/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড় এর অনুকুলে দাখিল করতে হবে।

৪. দরখাস্তকারীগণ জন্মগত পেশাদার পাটনী এর সমর্থনে তাঁর বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ঠ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সনদপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. দরপত্র দাখিলের পূর্বে খেয়াঘাটের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

৬. দরপত্র সীল মোহরকৃত খামে দরদাতার নাম, পিতার নাম এবং পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি ঘষামাজা গ্রহণযোগ্য হবে না ।

৭. দরপত্র ফরম ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের সময়সূচিঃ

| সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১৫/০৫/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৫/২০২৩ খ্রিঃ বিকাল ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৫/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত | জেলা পরিষদ, পঞ্চগড়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোদা ও দেবীগঞ্জ |

৮. সাধারনভাবে দরদাতাগণের মধ্য হতে সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে।

৯. বিধি মোতাবেক ইজারাদারকে দখল হস্তান্তরের পূর্বে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১০. ইজারা প্রদত্ত খেয়াঘাট সাব-লিজ দেয়া যাবে না।

১১. ইজারাদার যাত্রীদের পারাপারের জন্য উপযুক্ত নৌযান সরবরাহসহ যাত্রীদের ওঠানামার জন্য ঘাট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১২. বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-নিরাপত্তা অধ্যাদেশ, ১৯৭৬ এর ৩ ধারা অনুযায়ী সকল নৌযান সনদধারী চালক দ্বারা রেজিস্ট্রেশন ও সার্ভেকৃত নৌযান পরিচালনা করতে হবে।

১৩. ঝুঁকিপূর্ণ নৌকা দ্বারা যাত্রী বা মালামাল পারাপার করা যাবে না।

১৪. নৌকার আকৃতি/মাপ/ভারবহন ক্ষমতা অনুযায়ী নিরাপত্তার দিক বিবেচনা করে যাত্রী পারাপার করতে হবে। নৌকাতে অতিরিক্ত যাত্রী ও মালামাল বোঝাই করা যাবে না।

১৫. বৈরী আবহাওয়ায় খেয়াঘাট বন্ধ রাখতে হবে।

১৬. ঘাটে যাত্রীদের সংকেত/নির্দেশনা প্রদানের জন্য ইজারাদার মাইকিং এর ব্যবস্থা রাখবেন।

১৭. রেজিস্টারে যাত্রীদের নাম ও ঠিকানা সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করতে হবে।

১৮. যাত্রীদেরকে হয়রানিমূলক কার্যকলাপ হতে বিরত থাকতে হবে এবং তাঁদের সাথে ভাল আচরণ করতে হবে।

১৯. নদী পারাপারের সময় মাঝিকে সবোর্চ্চ সর্তকতা অবলম্বন করতে হবে যেন কোন প্রকার দুর্ঘটনা না ঘটে।

২০. যাত্রী পারাপার দিনের বেলা পর্যন্ত সূর্যের আলো থাকা পর্যন্ত সময় নির্ধারন করে দিতে হাবে।

২১. ইজারাদার নিজস্ব দায়িত্বে খেয়াঘাটে স্বেচ্ছাসেবক নিয়োজিত করবেন। স্বেচ্ছাসেবকগণ যাত্রীদের ওঠানামা কাজে সহযোগিতাসহ সার্বিক বিষয় দেখভাল করবেন।

২২. নৌকাতে যাত্রীদের সুরক্ষার জন্য সবসময় পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা সরঞ্জাম, যেমন লাইফ জ্যাকেট/টিউব/গার্ড/টায়ার প্রভৃতি রাখতে হবে

২৩. সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল বা মাশুল আদায় করতে হবে।

২৪. খেয়া পারাপারের অনুমোদিত টোলের চার্ট স্পষ্ট অক্ষরে নদীর উভয় পাড়ে দৃশ্যমান স্থানে নিজ খরচে সাইনবোর্ড স্থাপন করতে হবে।

২৫. পাঁচ বছরের কম বয়সী শিশু, স্কুলের ছাত্রছাত্রী, জেলা পরিষদের সদস্য ও কর্মকর্তা/কর্মচারী, সরকারি এবং আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকারি কার্য উপলক্ষে ভ্রমনকালে বিনা মাশুলে পারাপার করতে হবে।

২৬. যদি কেউ উল্লিখিত শর্তাবলি লঙ্ঘন করে তবে ইজারা বাতিল পূর্বক ইজারা মূল্য ও অন্যান্য জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে ঘাটটি পুনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেওয়া হবে।

২৭. বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে। এছাড়াও সরকারের অন্যান্য কর (যদি থাকে) পরিশোধ করতে হবে।

২৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

২৯. দরপত্রের অন্যান্য শর্তাবলি অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

<u>বাংলা ১৪৩০ সনের ইজারাযোগ্য খোয়াঘাটের তালিকা ও সরকারি মূল্যঃ</u>

| ক্রমিক নং | খেয়াঘাট ও উপজেলার নাম | ১৪৩০ সনের ১০ মাসের সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|
| ১. | আউলিয়া খেয়াঘাট, বোদা | ৯,১৮,০৮৩.০০ | ৫০০.০০ টাকা |
| ২. | কাওয়াখালী খেয়াঘাট, দেবীগঞ্জ | ৩৯,৪১৭.০০ | ২০০.০০ টাকা |
| ৩. | বটতলী খেয়াঘাট, দেবীগঞ্জ | ৯৩,১৬৭.০০ | ২০০.০০ টাকা |
| ৪. | বাঘডোকরা খেয়াঘাট, বোদা | ৭,৮৪,২৫০.০০ | ৩০০.০০ টাকা |

স্বাক্ষরিত/-
মোঃ আব্দুল হাকিম
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.৪৭.৭৭০০.০০২.০২.০০১.১৭/খেয়াঘাট/২৩৯/১(১৫০) তারিখ ঃ ৩ মে ২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জেলা প্রশাসক, পঞ্চগড়

২। পুলিশ সুপার, পঞ্চগড়

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর/বোদা/দেবীগঞ্জ/আটোয়ারী/তেঁতুলিয়া, পঞ্চগড়

৪। মেয়র, পঞ্চগড়/বোদা/দেবীগঞ্জ পৌরসভা, পঞ্চগড়

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়

৬। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/বোদা/দেবীগঞ্জ/আনটোয়ারী/তেঁতুলিয়া, পঞ্চগড়

৭। চেয়ারম্যান ..................................................... ইউনিয়ন পরিষদ,................................, পঞ্চগড় তাঁকে দৃশ্যমান স্থানে বিজ্ঞপ্তিটি টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো

৮। জেলা পরিষদ সদস্য .................................................................................................

৯। সচিব,......................................... ইউনিয়ন পরিষদ,.................................. পঞ্চগড়। হাট বাজারে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো

১০। সম্পাদক, দৈনিক উত্তর বাংলা পত্রিকায় ৪ মে ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অত্র বিজ্ঞপ্তির অনুলিপি অংশ ছাড়া মাঝের পাতায় ০১(এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো

১১। গোপনীয় সহকারী, জেলা পরিষদ, পঞ্চগড় (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২। সাবেক ইজারাদার ..........................................................................................................

১৩। জনাব, ...........................................................................................................................

১৪। মাস্টার ফাইল/অফিস নথি

স্বাক্ষরিত/-
মোঃ আব্দুল হাকিম
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পঞ্চগড়